

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা
www.plandiv.gov.bd

২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) টিমের ১২ তম সভার কার্যবিবরণী।

সভার তারিখঃ	১৮ জুলাই, ২০২১ খ্রিঃ।
সময়ঃ	সকাল- ১১.০০ ঘটিকা।
সভাঃ	জুম সভা।
সভাপতিঃ	জনাব মোঃ দেলোয়ার হোসেন, অতিরিক্ত সচিব (বাজেট) পরিকল্পনা বিভাগ।

জুম সভায় অংশগ্রহণকারী কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক'

১.০০ সভাপতি জুম সভায় অংশগ্রহণকারী সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। সভাপতি সভায় চলতি ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপনের জন্য উপসচিব (এপিএ) -কে অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (এপিএ) সভায় চলতি ২০২০-২১ অর্থবছরে পরিকল্পনা বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর ১২ তম সভার বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন।

২.০০ ১১তম সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি:

সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি
ক) চলতি অর্থ-বছরের অবশিষ্ট সময়ের মধ্যে অসমাপ্ত সকল কর্মসম্পাদন সূচক সম্পাদন করতে হবে;	ক) চূড়ান্ত প্রতিবেদন প্রদানের তাগিদ প্রদান করা হয়েছে।
খ) এনএপিডি ও বিআইডিএস কর্তৃক অসমাপ্ত কর্মসম্পাদন সূচক গুলো দ্রুত সম্পাদন করতে হবে;	খ) এনএপিডি ও বিআইডিএস এপিএ বাস্তবায়ন প্রতিবেদন প্রদান করেছেন।
গ) চলতি ২০২০-২১ অর্থ-বছরের এপিএ'র ৪র্থ ত্রৈমাসিক ও বার্ষিক অগ্রগতির প্রতিবেদন আগামী ২০/০৬/২১ তারিখের মধ্যে পরিকল্পনা বিভাগে প্রেরণ করতে হবে।	গ) আগামী ২৯/০৬/২০২১ তারিখ পর্যন্ত মেয়াদ বৃদ্ধি করা হয়েছে।


৩.০০ উপসচিব (এপিএ) সভায় অবহিত করেন যে, পরিকল্পনা বিভাগের কৌশলগত উদ্দেশ্য ও আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য ৩৭টি সূচকের মধ্যে ৩৪টি পূর্ণ এবং ৩টি আংশিক বাস্তবায়িত হয়েছে।

৪.০০ পরিকল্পনা বিভাগের অধীন দপ্তর/সংস্থার মধ্যে **(ক) জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমীর (এনএপিডি)** ২০২০-২১ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির কৌশলগত উদ্দেশ্য রয়েছে ৩টি, আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য রয়েছে ৩টি, কর্মসম্পাদন সূচক যথাক্রমে ১৫টি ও ১৭টি। উক্ত ৩২টি কর্মসম্পাদন সূচকের মধ্যে ৩০টি পূর্ণ এবং ২টি আংশিক বাস্তবায়িত হয়েছে। এর মধ্যে ০১টি বোর্ড অব গভর্নরস এর সভা অনুষ্ঠিত হয়নি। প্রশিক্ষনের লক্ষ্যমাত্রা ছিল ১৫০০জন অর্জিত হয়েছে ২০৪৮৬জন। এপিএ টিমের ১২টি সভা অনুষ্ঠিত হয়েছে গড়ে ৫৮ ঘন্টা করে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। **(খ) বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠানের (বিআইডিএস)** কৌশলগত উদ্দেশ্য ৮টি সূচকের মধ্যে ৫টি পূর্ণ এবং ৩টির ৯০% বাস্তবায়িত হয়েছে। এছাড়া আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের মধ্যে ১০টি মাসিক সভা, ৩টি মতবিনিময় সভা, ১টি

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য;

ডিজিটাল সেবা ও সেবা সহজীকরণ, সুশাসন বিষয়ে প্রশিক্ষণ, ১০গ্রেড ও তদূর্ধ্ব প্রত্যেককে ৫ঘন্টা প্রশিক্ষণ, স্থাবর ও অস্থাবর সম্পদের বিবরণী প্রস্তুত করা হয়েছে।

- ৫.০০ সভায় আরও জানানো হয় যে, ইতোমধ্যে নৈতিকতা কমিটির অনুমোদনক্রমে আগামী ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার খসড়া মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। এছাড়াও শুদ্ধাচার কৌশল পরিকল্পনা ২০২০-২১ ও উদ্ভাবন পরিকল্পনা ২০২০-২১ নির্ধারিত সময়ের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা
- ৬.০০ সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:
- ক) ২০২০-২১ অর্থ-বছরের এপিএ এর মূল্যায়ন প্রতিবেদন পরবর্তী (BMC) সভায় উপস্থাপন করতে হবে;
- খ) এনএপিডি ও বিআইডিএস চূড়ান্ত এপিএ স্বমূল্যায়ন প্রতিবেদন পেশ করবেন;
- ৭.০০ অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


১৬/৭/২১
(মোঃ দেলোয়ার হোসেন)
অতিরিক্ত সচিব (বাজেট)
ও
এপিএ টিম লিডার
পরিকল্পনা বিভাগ।

নং-২০.০০.০০০০ ৩২৮.৪২.০০১.২০-২২১


তারিখঃ ০৩ শ্রাবণ, ১৪২৮ বঙ্গাব্দ ,
১৮ জুলাই, ২০২১ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ

- ১। সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, পরিবহনপুল ভবন, ঢাকা।
- ২। যুগ্মসচিব (এপিএ ও বাজেট), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
- ৩। যুগ্মপ্রধান সমন্বয় (সকল), পরিকল্পনা কমিশন, ঢাকা।
- ৪। যুগ্মপ্রধান, এনইসি একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
- ৫। উপসচিব (এসএসআরসি/সাধারণ/এপিএ/পিটি ও পরিকল্পনা/ অডিট), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
- ৬। পরিচালক (প্রঃ ও অর্থ), জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমী, নীলক্ষেত্র, ঢাকা।
- ৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
- ৮। সচিব, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান, আগারগাঁও, ঢাকা।
- ৯। বাজেট অফিসার, বাজেট শাখা, পরিকল্পনা বিভাগ, ঢাকা।

অনুলিপি সদয় অবগতির জন্য:

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
২. প্রোগ্রামার, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা (কার্যবিবরণীটি ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
৩. অতিরিক্ত সচিব (বাজেট) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা, ঢাকা।
৪. অফিস কপি।


১৬/৭/২০২১
(মোঃ রফিকুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯১৮০৭৯২

e-mail: ro.pms@plandiv.gov.bd